দৈনিক বাংলা ... 194

তারিখ ৪।৪।৭৯ ... ...
পৃষ্ঠা... ... ...কলাম... ... ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

বিজ্ঞপ্তি নং-১৬/মাধ্য-পরী/৭৯-(৫০০০)। তারিখ: ৩১-৩-৭৯।

## ১৯৭৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে ১৯৭৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী ও তারিখ নিম্নে প্রদত্ত হইল। বিশেষ প্রয়োজনবোধে বোর্ড কর্তৃপক্ষ এই সময়-সূচী পরিবর্তন করিতে পারিবেন।

| দিন ও তারিখ | * বিষয় ও সময় সকাল ১০টা হইতে ১টা পর্যন্ত | * বিষয় ও সময় বিকেল ২টা হইতে ৫টা পর্যন্ত |
|---|---|---|
| বৃহস্পতিবার<br>১৯শে এপ্রিল, ১৯৭৯ | ১। বাংলা (আবশ্যিক) ১ম পত্র<br>২। বাংলা (বিঃ সঃ পাঃ) ১ম পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলাভাষার মৌলজ্ঞান ১ম পত্র | ১। বাংলা (আবশ্যিক) ২য় পত্র<br>২। বাংলা (বিঃসঃপাঃ) ২য় পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার মৌলজ্ঞান ২য় পত্র। |
| শনিবার<br>২১শে এপ্রিল, ১৯৭৯ | ১। সাধারণ গণিত (আবশ্যিক) | ১। চারুকলা (তত্ত্বীয় ও ব্যবহারিক)<br>২। মৃৎ শিল্প<br>৩। চামড়ার কাজ<br>৪। গৃহ নির্মাণ। |
| সোমবার<br>২৩শে এপ্রিল, ১৯৭৯ | ১। ইংরেজী (আবশ্যিক) ১ম পত্র | ১। ইংরেজী (আবশ্যিক) ২য় পত্র। |
| মঙ্গলবার<br>২৪শে এপ্রিল, ১৯৭৯ | ১। ভূগোল<br>২। ব্যবসায় পদ্ধতি ও পত্র লিখন | ১। খাদ্য ও পরিপুষ্টি (তত্ত্বীয়)<br>২। জ্যামিতি ও কারিগরি অংকন (ব্যবহারিক)। |
| বুধবার<br>২৫শে এপ্রিল, ১৯৭৯ | ১। রসায়ন বিজ্ঞান<br>২। গার্হস্থ্য অর্থনীতি | ১। বস্ত্র ও পরিচ্ছদ<br>২। আরবী<br>৩। ফার্সী<br>৪। পালী<br>৫। সংস্কৃত<br>৬। ল্যাটিন<br>৭। টাইপ লিখন। |
| বৃহস্পতিবার<br>২৬শে এপ্রিল, ১৯৭৯ | ১। ধর্মীয় শিক্ষা | ১। পারিবারিক হিসাব নিকাশ ও সংশ্লিষ্ট সমস্যাবলী। |
| শনিবার<br>২৮শে এপ্রিল, ১৯৭৯ | ১। সাধারণ বিজ্ঞান<br>২। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) | ১। বাংলা উচ্চতর<br>২। ইংরেজী উচ্চতর। |
| সোমবার<br>৩০শে এপ্রিল, ১৯৭৯ | ১। গণিত (নৈর্বাচনিক)<br>২। বাণিজ্যিক গণিত | ১। অর্থনীতি। |
| বুধবার<br>২রা মে, ১৯৭৯ | ১। জীব বিজ্ঞান ও শরীর বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি | ১। শরীর ও স্বাস্থ্য বিজ্ঞান<br>২। স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা। |
| বৃহস্পতিবার<br>৩রা মে, ১৯৭৯ | ১। ইতিহাস<br>২। বাণিজ্যিক ভূগোল<br>৩। কাঠের কাজ (তত্ত্বীয়)<br>৪। লোহালক্কড়ের কাজ (তত্ত্বীয়)<br>৫। ফলিত বিদ্যুৎ শক্তি (তত্ত্বীয়) | ১। সঙ্গীত<br>২। গৃহ পরিচালনা ও পারিবারিক জীবনযাপন<br>৩। কৃষি বিজ্ঞান (তত্ত্বীয়)। |

অন্যান্য জ্ঞাতব্য বিষয়সমূহ।

পরীক্ষার্থিগণ যে কেন্দ্রে বা উপ-কেন্দ্রে তত্ত্বীয় বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই কেন্দ্রেই তাহাদিগকে ব্যবহারিক বিষয়সমূহে অংশগ্রহণ করিতে হইবে। জরুরী পরিস্থিতির উদ্ভব হইলে কেন্দ্র সচিবগণ ২৫৮৭৯৪, ২৫২৮৫৪ এবং ২৮০৬২৩ নম্বর টেলিফোনে যোগাযোগ করিতে পারেন।

পরীক্ষা কেন্দ্রের সচিবগণ উপরোক্ত সময়সূচী অনুযায়ী পরীক্ষা কার্য সমাধা করিবেন। বস্ত্র ও পরিচ্ছদ এবং টাইপ লিখন পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষার্থিগণ তাহাদের নিজেদের সেলাই কল ও টাইপ রাইটার ব্যবহার করিতে পারিবে। প্রয়োজনবোধে পরীক্ষা কেন্দ্রের সচিবগণ প্রয়োজনীয় সংখ্যক সেলাই কল ও টাইপ রাইটার পরীক্ষার্থিগণকে সরবরাহ করিবার ব্যবস্থা করিবেন। এই ব্যাপারে সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকগণ পরীক্ষা কেন্দ্রের সচিবের সহিত সহযোগিতা করিবেন।

কাঠের কাজ, লোহালক্কড়ের কাজ এবং জ্যামিতিক ও কারিগরি অংকনের ব্যাপারে পরীক্ষা কেন্দ্রের সচিবগণ প্রয়োজনীয় যন্ত্রপাতি ও দ্রব্য সামগ্রী সরবরাহের ব্যবস্থা করিবেন।

সংগীতের ব্যবহারিক পরীক্ষা নির্ধারিত তারিখে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে অনুষ্ঠিত হইবে। পরীক্ষার্থিগণ তাহাদের নিজ নিজ বাদ্যযন্ত্রসহ নিজ খরচে ঐদিন সকাল ৯-৩০ মিঃ উক্ত অফিসে উপস্থিত থাকিবে। এই প্রেক্ষিতে তাহাদিগকে অবশ্যই নিজ নিজ প্রবেশপত্র সঙ্গে আনিতে হইবে।

পরীক্ষার সময় পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র সচিব কর্তৃক ভারপ্রাপ্ত কোন অফিসার/শিক্ষক দ্বারা সনাক্তকৃত হইতে হইবে।

গাজী আবদুস সালাম
পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ডি—৮১৬(ক)

তাং ৪।৪।৭৯ পৃষ্ঠা ৫